



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

২০১৭ সালের জেএসসি পরীক্ষার বিজ্ঞপ্তি

পত্র নং-৫৩৮/মাধ্য:পরি:/২০০৩/১৯৫৯

তারিখ: ১০.০৭.২০১৭ খ্রি:

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে ২০১৭ সনে অনুষ্ঠিতব্য জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার **Online** এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি ঢাকা শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

১। **Online** এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (**probable list**) প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.dhakaeducationboard.gov.bd) এ ২৬/০৭/২০১৭ তারিখে দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ২৭/০৭/২০১৭ থেকে ০২/০৮/২০১৭ তারিখের মধ্যে **Online** এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (**eFF**) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহকে ঢাকা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে **OEMS/eFF** এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে **Probable list** এ যেতে হবে এবং **Print** করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী **Select** করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি **Probable list** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে **Select** করতে হবে।

(গ) **Temporary List Print** করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে **Select/ UnSelect** করা যাবে।

(ঘ) **Final List** এ ক্লিক করার পর **Pay Slip Print** করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) **Pay Slip** এ উল্লিখিত পরিমাণ টাকা জমা প্রদান করতে হবে। উল্লেখ্য **Pay Slip Print** করলে আর কোন অবস্থাতেই **Select/ UnSelect** করা যাবে না।

(ঙ) ফি এর টাকা ব্যাংকে জমা দেয়ার ২৪ ঘন্টার মধ্যে **Final Candidate List Print Active** হবে।

(চ) **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

২। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৩। ফি জমার সর্বশেষ তারিখ: বিলম্ব ফি ছাড়া ০৩ আগস্ট ২০১৭ এবং বিলম্ব ফিসহ ০৮ আগস্ট ২০১৭।

(ক) পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী- ১০০.০০ (একশত) টাকা।

(খ) বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী- ২৫.০০ (পঁচিশ) টাকা।

(গ) কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী- ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা (কেন্দ্র নির্ধারণ হওয়ার পর শিক্ষাপ্রতিষ্ঠান সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে প্রদান করতে হবে)।

(ঘ) অনলাইনে ফরম পূরণ (**eFF**): বিলম্ব ফি ছাড়া- ২৭ জুলাই ২০১৭ হতে ০২ আগস্ট ২০১৭ পর্যন্ত এবং বিলম্ব ফিসহ ০৩ আগস্ট ২০১৭ হতে ০৮ আগস্ট ২০১৭ পর্যন্ত।

৪। পরীক্ষার মাধ্যম : বাংলা/ইংরেজি ভাষনে পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভাষনে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বিষয় কোড ও ছাত্র সংখ্যা উল্লেখপূর্বক এক কপি তালিকা উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে ২৫/০৭/২০১৭ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভাষনে পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

৫। পাঠ্যসূচি :

(ক) এনসিটিবি থেকে গেজেটে প্রকাশিত ২০১৭ সালের অনুমোদিত বইসমূহ ৮ম শ্রেণীর পাঠ্য বই হিসেবে বিবেচিত হবে।

(খ) ২০১৫ ও ২০১৬ সালের রেজিঃধারী অনিয়মিত পরীক্ষার্থীদের এনসিটিবি অনুমোদিত ২০১৫ ও ২০১৬ সালের পাঠ্যপুস্তক অনুযায়ী প্রণীত প্রশ্নে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৬। অনিয়মিত পরীক্ষার্থী :

ক) ২০১৬ সালের রেজিঃধারী পরীক্ষার্থীরা ২০১৭ সালের জেএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের জেএসসি পরীক্ষায় অংশ গ্রহণ করে ০১ থেকে ০৩ বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা ইচ্ছে করলে ইতোপূর্বে অকৃতকার্য বিষয়গুলো অথবা সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ের পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়সমূহে প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। ২০১৭ সালের জেএসসি পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি, পূর্বে উত্তীর্ণ বিষয়সমূহের সংরক্ষিত জিপির সাথে যোগ করে তাদের জিপিএ নির্ধারণ করা হবে।

